## নওগাঁ জেলার স্বাস্থ্য বিষয়ক জুলাই/ ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি: ডা. মো. আমিনুল ইসলাম, সিভিল সার্জন, নওগাঁ।
সভার স্থান:সিভিল সার্জন, নওগাঁ-এর সভাকক্ষ।
তারিখ :১৪.০৭.২০২৬ খ্রি.
সময় :সকাল ০৯:৩০ মি.।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে ডেপুটি সিভিল সার্জন ডা. মো. মুনীর আলী আকন্দ জুন/২৬ মাসের সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। এরপর নিম্নবর্ণিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিভিন্ন রোগের ম্যানেজমেন্ট সম্পর্কে আলোচনা:** সভাপতির অনুমতিক্রমে মহাদেবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জুনিয়র কনসালটেন্ট (শিশু) ডা. হোসনে আরা পাওয়ার পয়েন্ট প্রিজেন্টেশনের মাধ্যমে শিশুসহ বয়সভিত্তিক ডায়রিয়া, কলেরা রোগীর ম্যানেজমেন্ট সম্পর্কে বিস্তারিত আলোচনা ও দিক নির্দেশনা প্রদান করেন। বদলগাছী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা. আসাদুজ্জামান উক্ত হাসপাতালে ডায়রিয়া ও অন্যান্য রোগীর চিকিৎসা ব্যবস্থাপনা সম্পর্কে বিস্তারিত বক্তব্য প্রদান করেন। মহাদেবপুর হাসপাতালে স্নেক বাইট রোগীর কীভাবে ম্যানেজমেন্ট করা হয়, সে সম্পর্কে আবাসিক মেডিকেল অফিসার ডা. মো. ইমরুল কায়েস বক্তব্য রাখেন। নওগাঁ মেডিকেল কলেজের সহকারী অধ্যাপক ডা. মো. ইকবাল হোসেন স্নেক বাইট ও ডেঙ্গু রোগীর ট্রিটমেন্ট সম্পর্কে পাওয়ার পয়েন্ট-এর মাধ্যমে সচিত্র প্রেজেন্টেশন উপস্থাপন করেন এবং বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। পরিশেষে সিভিল সার্জন ডা. মো. আমিনুল ইসলাম ডায়রিয়া, কলেরা, ডেঙ্গু ও অন্যান্য রোগীর ম্যানেজমেন্ট সম্পর্কে আলোচনা করেন এবং প্রদানকৃত চিকিৎসা রোগীর ট্রিটমেন্ট সীটে লিপিবদ্ধ রাখার পরামর্শ প্রদান করেন।

| | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|
| ১ | ডায়রিয়া, কলেরা, ডেঙ্গু, স্নেকবাইট ও অন্যান্য রোগীর ম্যানেজমেন্ট যথাযথভাবে করা এবং রোগীর ট্রিটমেন্ট সীটে লিপিবদ্ধ রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকতা ও সংশ্লিষ্ট চিকিৎসক |

**নির্মাণ/মেরামত:** নওগাঁ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী জনাব নূরমোহাম্মদ বলেন, ২০২৫-২-২৬ অর্থ বছরে সাপাহার হাসপাতালের ৪ লক্ষ টাকার বাউন্ডারী ওয়ালের কাজ করা সম্ভব হয়নি। উক্ত বরাদ্দ ফেরত দেওয়া হয়েছে। এছাড়া জেলার জন্য বরাদ্দকৃত সকল কাজ করা হয়েছে। তিনি বলেন, পোরশা হাসপাতালে একটি ড্রেন রয়েছে, ড্রেনটি যাতে বন্ধ না হয়, সেজন্য উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তাকে অনুরোধ জানান। ২০২৬-২০২৭ অর্থ বছরের কাজের তালিকা পাঠানো হয়েছে। অনুমোদন পেলে কাজ শুরু করা হবে। ধামইরহাট উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা বলেন, সেখানকার পানির পাম্প বার বার নষ্ট হচ্ছে, আরো কিছু কাজ চলমান রয়েছে। সহকারী প্রকৌশলী বলেন, ডিপটিউবওয়েলের বরাদ্দ চাওয়া হয়েছে। বরাদ্দ পেলে নতুন ডিপটিউবওয়েল বসানো হবে। ধামইরহাট হাসপাতালের পানির সমস্যা খুব শীঘ্রই সমাধান হবে বলে তিনি জানান। আত্রাই উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা বলেন, আত্রাই হাসপাতালে তাড়াতাড়ি পানির পাম্পের সমাধান হয়েছে, এজন্য তিনি সহকারী প্রকৌশলী-কে আন্তরিক ধন্যবাদ জানান। সভাপতি কমিউনিটি ক্লিনিকের সীমানা নির্ধারণ, চুরি রোধ ইত্যাদি বিষয়ে কমিউনিটি ক্লিনিকের কমিউনিটি গ্রুপের সাথে আলোচনা পূর্বক সমাধানের জন্য উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তাগণকে অনুরোধ জানান। সহকারী প্রকৌশলী বলেন, বর্তমানে কমিউনিটি ক্লিনিকের সীমানা প্রাচীর নির্মাণের কোনো নির্দেশনা নেই। মহাদেবপুর উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা বলেন, মহাদেবপুর হাসপাতাল ভবনের ফ্যামিলি প্ল্যানিং যে অংশ ব্যবহার করে, সেই অংশের উপর তলায় একজন ডাক্তারের চেম্বার আছে এবং সেই চেম্বারে ছাদ দিয়ে পানি পড়ে। এছাড়া হাসপাতাল ক্যাম্পাসে ঝড়ে গাছ উপড়ে যাওয়ায় বিদ্যুৎ লাইনের সমস্যা হয়েছে। তিনি দ্রুত এগুলো সমাধানের আহ্বান জানান।

| | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|
| ১ | ধামইরহাট হাসপাতালে পানির সমস্যা সমাধানের জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকতা ধামইরহাট ও সহকারী প্রকৌশলী, এইচইডি, নওগাঁ। |
| ২ | কমিউনিটি ক্লিনিকের সীমানা নির্ধারণ, চুরি রোধ ইত্যাদি বিষয়ে কমিউনিটি গ্রুপের সাথে আলোচনা করে সমাধান করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা ও সংশ্লিষ্ট সিএইচসিপি। |
| ৩ | মহাদেবপুর হাসপাতালের চিকিৎসকের চেম্বারের সমস্যা এবং বিদ্যুতের সমস্যা সমাধানের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকতা মহাদেবপুর ও সহকারী প্রকৌশলী, এইচইডি, নওগাঁ। |

**ইপিআই:** এসআইএমও ডা. মো. লুৎফর রহমান, জানুয়ারি-জুন/২৬ মাসের রুটিন ইপিআই ও সার্ভিলেন্স রিপোর্ট উপস্থাপন করেন। তিনি বলেন, জেলায় বিসিজি রিপোর্ট ১০৭.৩%। পোরশা, বদলগাছী, রানীনগর উপজেলার অগ্রগতি ১০০% -এর নিচে রয়েছে। পিসিভি এবং এমআর-১ ও এমআর-২ অর্জন সকল উপজেলায় কম, তবে পোরশা ও বদলগাছী উপজেলায় পিসিভি এবং পোরশা ও



CamScanner

রানীনগর উপজেলায় এমআর-১ ও এমআর-২ অগ্রগতি সবচেয়ে কম। ক্র্যাশ প্রোগ্রামের মাধ্যমে এই ঘাটতি উঠানো হবে বলে এমটি(ইপিআই)গণ জানান। সভাপতি ক্র্যাশ প্রোগ্রামের মাধ্যমে ঘাটতি কাজ উঠানোর জন্য উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, এমওডিসি ও হেলথ ইন্সপেক্টরগণকে তদারকী করার অনুরোধ জানান। আইপিভি সকল উপজেলায় কম হয়েছে। এমটি ইপিআইগণ বলেন, সিডিউল পরিবর্তন হওয়ায় কাজ কম হয়েছে। এসআইএমও বলেন, এমআর ক্যাম্পেইন-এর ১০ ডোজের ভায়েল এখনো যাদের কাছে আছে, তারা সেগুলো ব্যবহার করতে পারবেন তবে ক্যাম্পেইনের ভায়েল রুটিন ইপিআই-এ ব্যবহার করা যাবে না। তিনি বলেন, অনেক উপজেলাতে সেশন মিস হয়েছে। যে সকল এলাকায় সেশন মিস হয়েছে, সেখানে ক্র্যাশ প্রোগ্রামের মাধ্যমে টিকার কভারেজ করতে হবে। তিনি বলেন, মিজিলস আউটব্রেক ৫১৬, ১০৪টি স্যাম্পল পাঠানো হয়েছে, এর মধ্যে ৩৩টি পজিটিভ পাওয়া গেছে। এইএফআই অনেকে রিপোর্ট করেছেন কিন্তু ট্যাকার ক্যাপচারে নেই।

সভাপতি বলেন, এইচপিভি টিকা কার্যক্রম চলমান আছে। ৪র্থ থেকে ৫ম শ্রেণির যে সকল শিশুর বয়স ১০ বছর হতে ১০ বছর ১১ মাস ২৯ দিন তাদের ভ্যাক্স ইপিআই অ্যাপে রেজিস্ট্রেশন করা প্রয়োজন। সভাপতি উল্লেখিত বয়সের শিশুর (ছাত্র-ছাত্রী) ভ্যাক্স ইপিআই অ্যাপে রেজিস্ট্রেশনের জন্য উপজেলা পর্যায়ের শিক্ষা অফিসার ও প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের লক্ষ্যে জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার- এর প্রয়োজনীয় পদক্ষেপ ও সহযোগিতা কামনা করেন। রেজিস্ট্রেশন কার্যক্রম শেষ হলে যে কোনো সময় টিকা প্রদান করা হবে।

| | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|
| ১ | ক্র্যাশ প্রোগ্রামের মাধ্যমে বিসিজি এবং এমআর-১ ও এমআর-২ টিকার ঘাটতি কাজ উঠাতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল এমটি (ইপিআআই) |
| ২ | ৪র্থ থেকে ৫ম শ্রেণির যে সকল শিশুর বয়স ১০ বছর হতে ১০ বছর ১১ মাস ২৯ দিন, তাদের ভ্যাক্স ইপিআই অ্যাপে রেজিস্ট্রেশন করার জন্য উপজেলা পর্যায়ের শিক্ষা অফিসার ও প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো। | জেলা শিক্ষা অফিসার ও<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নওগাঁ<br>উপজেলা শিক্ষা অফিসার এবং<br>সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ |

**এমআইএস রিপোর্টিং:** সহকারী প্রধান পরিসংখ্যান অফিসার জুন/২৬ মাসের রিপোর্ট উপস্থাপন করেন। তিনি বলেন, বায়োম্যাট্রিক উপস্থিতি জেলার নিয়ামতপুর, ধামইরহাট, বদলগাছী, নওগাঁ সদর ও সিভিল সার্জন অফিসে ১০০% আছে। উপজেলার মধ্যে সবচেয়ে কম উপস্থিতি পত্নীতলা উপজেলায় ৮৬.৮৭%, জেলায় বায়োম্যাট্রিক গড় উপস্থিতি ৯৩.৯১%। সার্ভিক্যাল বেস্ট ক্যান্সার স্ক্রিনিং রিপোর্ট সকল উপজেলায় ১০০%, তবে আত্রাই উপজেলায় ৭ তারিখের পর এন্ট্রি দেওয়া হয়েছে। বহির্বিভাগে সবচেয়ে বেশি রোগী মহাদেবপুর উপজেলায় ১৫৯২২ এবং সবচেয়ে কম পোরশা উপজেলায় ৭৯৮২। ভর্তি রোগী সবচেয়ে বেশি ধামইরহাট উপজেলায় ১২৩৫ এবং সবচেয়ে কম নিয়ামতপুর উপজেলায় ৭৩৮। ইভেন্টক্যাপচার রিপোর্ট জেলা হাসপাতাল ব্যতীত সকল উপজেলায় ১০০%। বেড অকপেন্সি রেট উপজেলা পর্যায়ে সবচেয়ে বেশি ধামইরহাট উপজেলায় ১৪১.৪৭%, সবচেয়ে কম আত্রাই উপজেলায় ৯১.৯৩%, জেলায় গড় বেড অকপেন্সির হার ১২৩.১৯%। নরমাল ডেলিভারী মহাদেবপুর উপজেলায় সবচেয়ে বেশি ৪৬, সবচেয়ে কম আত্রাই উপজেলায় ১২। সিজারিয়ান অপারেশন সবচেয়ে বেশি মহাদেবপুর উপজেলায় ১২। আত্রাই, বদলগাছী, ধামইরহাট, পোরশা, রানীনগর, ও সাপাহার উপজেলায় জুন/২৬ মাসে সিজারিয়ন অপারেশন হয়নি। সহকারী প্রধান পরিসংখ্যান অফিসার বলেন, কোনো উপজেলার সিসি রিপোর্ট সময়মত এন্ট্রি দেওয়া হচ্ছে না। তিনি বলেন, ডিসেম্বর/২৫ মাসের এইচএসএস স্কোরিং জেনারেটেড হয়েছে। এতে নওগাঁ জেলা গোটা দেশে ১০ম স্থানে এবং রাজশাহী বিভাগে ৩য় স্থানে রয়েছে। উপজেলার মধ্যে মহাদেবপুর উপজেলা গোটা দেশের মধ্যে ৪র্থ স্থানে এবং আত্রাই উপজেলা ৩৫১ স্থানে রয়েছে। এছাড়া মহাদেবপুর উপজেলা আগস্ট/২৫ মাসে গোটা দেশের মধ্যে ১ম স্থানে ছিল।

| | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন | |
|---|---|---|---|
| ১ | বায়োমেট্রিক উপস্থিতি সকল প্রতিষ্ঠানে ১০০% দেওয়ার ব্যবস্থা করতে হবে। কোনো কারণে মেশিন অকেজো হলে সঙ্গে সঙ্গে মেরামতের ব্যবস্থা করতে হবে। | ১ | সংশ্লিষ্ট অফিস প্রধান |
| ২ | সকল রিপোর্ট সঠিক সময়ে নিয়মিত এন্ট্রি করতে হবে এবং সকল রিপোর্ট সময়মত এন্ট্রি হচ্ছে কিনা তা সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়মিত মনিটরিং করতে হবে। | ২ | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মাকর্তা, আরএমও /আইসিটি ফোকাল পার্সন, পরিসংখ্যানবিদ। |
| ৩ | জেলা হাসপাতালের ইভেন্টক্যাপ্চার রিপোর্ট শতভাগ এন্ট্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। | ৩ | তত্ত্বাবধায়, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নওগাঁ। |

**বেসরকারি ক্লিনিক ও ডায়াগনস্টিক :** উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তাগণ নিজ নিজ উপজেলার বেসরকারি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার পরিদর্শন কমিটির সদস্য সচিব। বেসরকারি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে সেবার মান নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা এবং তাঁর প্রতিনিধির মাধ্যমে নিয়মিত প্রতিষ্ঠানগুলো ভিজিট করতে হবে। কোনো প্রতিষ্ঠানের নতুন লাইসেন্স বা নবায়নের ক্ষেত্রে প্রতিষ্ঠানের কাগজপত্র বই আকারে জমা নিতে হবে এবং উপজেলা থেকে প্রাথমিক ভিজিট করতে হবে। পরে জেলা থেকে পরিদর্শন পূর্বক নবায়ন বা নতুন লাইসেন্সের বিষয়ে মতামত দেওয়া হবে। কোনো ডায়াগনস্টিক সেন্টারে ব্লাড ট্রান্সফিউশন করা যাবে না, এ বিষয়ে সতর্ক থাকতে হবে।



CamScanner

| | সিদ্ধান্ত/সুপারিশ ঃ | | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | সেবা মান নিশ্চিত করার লক্ষ্যে বেসরকারি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার নিয়মিত পরিদর্শন করতে হবে। | ১ | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল) |

**যক্ষ্মা** : ব্র্যাকের প্রতিনিধি জনাব মো. রেজাউল কবীর মে/২৬ ও জুন/২৬ মাসের তুলনামূলক রিপোর্ট উপস্থাপন করেন।

| | মে/২০২৬ | জুন/২০২৬ |
|---|---|---|
| পজিটিভ রোগী | ১৮৭ | ১৮৮ |
| নেগেটিভ রোগী | ৭১ | ৮৯ |
| ইপি রোগী | ৭২ | ৬৮ |
| রিলাপস রোগী | ২৮ | ৩৩ |
| টোটাল রোগী | ৩৫৮ | ৩৭৮ |
| চাইল্ড কেইস | ২৬ | ২২ |
| GENE X-PERT REPORT (Positivity Rate) | ৮.৫৫ | ৮.৪১ |
| RR Detected | ০১ | ০২ |

তিনি বলেন, যক্ষ্মা চিকিৎসার ঔষধপত্র মজুদ আছে, আপাতত কোনো সমস্যা নেই।

| | সিদ্ধান্ত/সুপারিশ ঃ | | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | যক্ষ্মা রোগী সনাক্তকরণে আরো জোরদার ভূমিকা নিতে হবে এবং ঔষধপত্র মজুদসহ সুষ্ঠুভাবে রোগীর চিকিৎসা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১ | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল) ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (ব্র্যাক)। |

**প্যাথলজিক্যাল পরীক্ষা নিরীক্ষা:** সিভিল সার্জন, নওগাঁ কার্যালয়ের সিনিয়র মেডিকেল টেকনোলজিস্ট আবু মো. সফিকুল ইসলাম জুন/২৬ মাসের প্যাথলজিক্যাল ও ইমেজিং রিপোর্ট সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, মহদেবপুর উপজেলায় প্যাথলজি রিপোর্ট সবচেয়ে বেশি ৪১৭৫ এবং পোরশা উপজেলায় সবচেয়ে কম ৭২৩। আল্ট্রাসনোগ্রাম রিপোর্ট পত্নীতলা উপজেলায় সবচেয়ে বেশি ১৭৩টি এবং ধামইরহাট উপজেলায় সবচেয়ে কম ১০, সাপাহার উপজেলায় কোনো আল্ট্রাসনোগ্রাম হয়নি। এক্স-রে রিপোর্ট ম্যানুয়াল সবচেয়ে বেশি বদলগাছী ৪১৫, ডিজিটাল এক্স-রে সবচেয়ে বেশি পত্নীতলা উপজেলায় ৩০০। যে সকল পরীক্ষা নিরীক্ষা হাসপাতালে করা সম্ভব সেগুলো হাসপাতাল থেকেই করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান এবং ইউজার ফি নিয়মিত সরকারি কোষাগারে জমা দেওয়ার নির্দেশনা প্রদান করেন।

| | সিদ্ধান্ত/সুপারিশ ঃ | | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | যে সকল পরীক্ষা নিরীক্ষা হাসপাতালে করা সম্ভব সেগুলো হাসপাতাল থেকে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১ | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল) |
| ২ | সকল ইউজার ফি নিয়মিত সরকারি কোষাগারে জমা দিতে হবে। | ২ | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল) |

**এনসিডি :** ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের ফিল্ড অফিসার জনাব আজাদ হোসেন রানীনগর উপজেলার জুন/২৬ মাসের সচিত্র রিপোর্ট উপস্থাপন করেন। তিনি বলেন হাইপারটেশন রোগীর কন্ট্রোল রেট ৮৫%, আনকন্ট্রোল ১৩% এবং মিস ভিজিট ০২% । ফলোআপ ও কাউন্সিলিং ভালো হচ্ছে। রোগীদেরকে ফলোআপের জন্য ফোন করে অবহিত করা হচ্ছে। রানীনগর হাসপাতালে এনসিডি কর্ণারের ফেসবুক পেইজ খোলা হয়েছে। রানীনগর হাসপাতালের এনসিডি কর্ণারের কার্যক্রম সন্তোষজনক।

| | সিদ্ধান্ত/সুপারিশ ঃ | | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | সকল হাসপাতালে এনসিডি কর্ণারে রোগীর রেজিস্ট্রেশন বৃদ্ধি, কাউন্সিলিং ও মিস ভিজিট রোগীদের ভিজিটের আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। | ১ | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল) ও ফিল্ড অফিসার, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন। |

**বিবিধ :** FHI-360 এর জেলা কো-অর্ডিনেটর জনাব মো. মোস্তাফিজুর রহামান বলেন, জেলায় জুন/২৬ মাসে QIC মিটিং, Mentorship Meeting এবং IPC- সংক্রান্ত কার্যক্রম নিয়মিতভাবে বাস্তবায়ন করা হয়েছে। এছাড়াও সিভিল সার্জন মহোদয়ের সাথে যৌথভাবে বিভিন্ন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পরিদর্শনের মাধ্যমে স্বাস্থ্য সেবার মানোন্নয়ন ও প্রকল্পের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা প্রদান করা হচ্ছে। তিনি আরও জানান যে, জেলার বিভিন্ন স্বাস্থ্যসূচক ও কার্যক্রমের রিপোর্ট প্রস্তুত ও সংকলন কার্যক্রমে EpiC Project সহায়তা করে আসছে। প্রকল্পটি স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণের আন্তরিক সহযোগিতার মাধ্যমে সফলভাবে কার্যক্রম পরিচালনা করছে।



CS CamScanner

পরিশেষে সভাপতি সকল কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও বায়োমেট্রিকস হাজিরা নিশ্চিত করার আহ্বান জানান এবং আলোচিত সমস্যাগুলোর সমাধানের অনুরোধ জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

( ডা. মো. আমিনুল ইসলাম)
সিভিল সার্জন
নওগাঁ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জন এর কার্যালয়, নওগাঁ।
ফোন ০২৫৮৭৭৪৭৩৯১; ই-মেইল: naogaon@cs.dghs.gov.bd
ওয়েব: cs.naogaon.gov.bd

স্মারক নং সি.এস/নওগাঁ/২৬/৩৩/১৭৫৪/৬০ তারিখ ১৪ / ০৭ /২০২৬ খ্রি.

অনুলিপি সদয়অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলঃ ( জ্যেষ্ঠতার ক্রম অনুসারে নয়)

১। মহাপরিচালক, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৩। মহাপরিচালক, নার্সিং এন্ড মিডওয়াইফারী অধিদপ্তর, আইপিএইচ স্কুল রোড, মহাখালী, ঢাকা-১২১২।
৪। অতিরিক্ত সচিব ও প্রকল্প পরিচালক, রিভাইটালাইজেশন অব কমিউনিটি হেলথ কেয়ার ইনিশিয়েটিভস বাংলাদেশ প্রকল্প, বিএমআরসি ভবন (২য় তলা) মহাখালী, ঢাকা।
৫। পরিচালক, পিএইচসি এবং লাইন ডাইরেক্টর, এম এন সি এন্ড এ এইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৬। পরিচালক, এম.আই.এস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৭। পরিচালক, রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৮। পরিচালক, এম বি ডি সি ও লাইন ডাইরেক্টর, টি বি- লেপ্রোসি, স্বাস্থ্য অধিপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৯। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী।
১০। অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ।
১১। প্রোগ্রাম ম্যানেজার ইপিআই, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা- ১২১২।
১২। তত্ত্বাধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নওগাঁ।
১৩। মেয়র, নওগাঁ পৌরসভা, নওগাঁ।
১৪। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, নওগাঁ।
১৫। নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
১৬। ডেপুটি সিভিল সার্জন, নওগাঁ।
১৭। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার .........................সকল, নওগাঁ।
১৮। জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।
১৯। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নওগাঁ।
২০। সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নওগাঁ।
২১। সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার, অত্র কার্যালয়।
২২। এস.আই.এম.ও/ ডিএসএমও, অত্র কার্যালয়।
২৩। জেলা পাবলিক হেলথ নার্স, অত্র কার্যালয়।
২৪। সহকারী প্রধান পরিসংখ্যান কর্মকর্তা, অত্র কার্যালয়।
২৫। প্রশাসনিক কর্মকর্তা/ সিনিয়র মেডিকেল টেকনোলজিষ্ট(ল্যাব)/ জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক/জেলা স্যানিটারী ইন্সপেক্টর, অত্র কার্যালয়।
২৬। জেলা প্রতিনিধি, ব্র্যাক, নওগাঁ।
২৭। ইন্সপেক্টর/ইপিআই সুপারভ াইজার/প্রোগ্রাম অর্গানাইজার, অত্র কার্যালয়।
২৮। ....................................................................................................
২৯। দপ্তর নথি।

(ডা. মো. আমিনুল ইসলাম)
সিভিল সার্জন
নওগাঁ



CamScanner

স্বাস্থ্য বিভাগীয় সমন্বয় সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ( পরিশিষ্ট 'ক') (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)। তাং ১৪/৭/২০২৬

| ক্রঃ নং | নাম | পদবী | কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | ডাঃ মোঃ মুনীর আলী আকন্দ | ডেপুটি সিভিল সার্জন | সিভিল সার্জন অফিস, নওগাঁ | স্বাক্ষরিত |
| ২ | ডা. মো. আরিফুজ্জামান | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | সাপাহার | স্বাক্ষরিত |
| ৩ | ডাঃ মোহাম্মদ খায়রুল আলম | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | আত্রাই | স্বাক্ষরিত |
| ৪ | ডাঃ আশীষ কুমার সরকার | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | ধামইরহাট | স্বাক্ষরিত |
| ৫ | ডা. মো. খুরশিদুল ইসলাম | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | মহাদেবপুর | স্বাক্ষরিত |
| ৬ | ডাঃ কানিস ফারহানা | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা | বদলগাছী | স্বাক্ষরিত |
| ৭ | ডাঃ মোঃ রুহুল আমিন | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা | নওগাঁ সদর | স্বাক্ষরিত |
| ৮ | ডা. মো. কামাল উদ্দিন | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা | পোরশা | স্বাক্ষরিত |
| ৯ | ডা.মো. খালিদ সাইফুল্লাহ | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা | পত্নীতলা | স্বাক্ষরিত |
| ১০ | ডা. ফয়সাল নাহিদ পবিত্র | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা | নিয়ামতপুর | স্বাক্ষরিত |
| ১১ | ডা. মো. ইকবাল হোসেন | সহ. অধ্যাপক, মেডিসিন | নওগাঁ মেডিকেল কলেজ | |
| ১২ | ডা. হোসনে আরা | জুনি. কনসালটেন্ট (শিশু) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মহাদেবপুর | |
| ১৩ | নুরমোহাম্মদ | সহ, প্রকৌশলী | এইচইডি, নওগাঁ | |
| ১৪ | ডাঃ নুজহাত তাবাসসুম | এমও (ডিসি) | সিভিল সার্জন অফিস, নওগাঁ | স্বাক্ষরিত |
| ১৫ | ডা. মো. লুৎফর রহমান | এসআইএমও | সিভিল সার্জন অফিস, নওগাঁ | স্বাক্ষরিত |
| ১৬ | ডা. অপু চন্দ্র বর্মন | আরএমও | উপজেলা স্বাস্থ্য স্বাস্থ্য কমপ্লেক্স, পত্নীতলা | স্বাক্ষরিত |
| ১৭ | ডা. মো. ইমরুল কায়েশ | আরএমও | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহাদেবপুর | স্বাক্ষরিত |
| ১৮ | ডা. মো. আতোয়ার রহমান | আরএমও | উপজেলা স্বাস্থ্য স্বাস্থ্য কমপ্লেক্স, রানীনগর | স্বাক্ষরিত |
| ১৯ | ডা. মো. মুজতাহিদ হাসান | আরএমও | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নিয়ামতপুর | স্বাক্ষরিত |
| ২০ | ডা. মো. জহুরুল ইসলাম | আরএমও | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধামইরহাট | স্বাক্ষরিত |
| ২১ | ডা. আসাদুজ্জামান নাহিদ | আরএমও | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বদলগাছী | স্বাক্ষরিত |
| ২২ | ডা. তোফাজ্জল হোসেন | আরএমও | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আত্রাই | স্বাক্ষরিত |
| ২৩ | ডা. ইমরুল হক আরেফিন | আরএমও | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পোরশা | স্বাক্ষরিত |
| ২৪ | ডা. মো. রাসেদ নাইব সিজান | আরএমও | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাপাহার | স্বাক্ষরিত |
| ২৫ | ডা. মো. তাসনিম হোসেন আরিফ | আরএমও | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মান্দা | |
| ২৬ | ডা. আবু রায়হান | এমও | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স রানীনগর | |
| ২৭ | মোসা. আসমা খানম | জেলা পাবলিক হেলথ নার্স | সিভিল সার্জন অফিস, নওগাঁ | স্বাক্ষরিত |
| ২৮ | মোসাঃ মাহবুবা খাতুন | সিনিঃ স্বাস্থ্য শিক্ষা অফিসার | সিভিল সার্জন অফিস, নওগাঁ। | স্বাক্ষরিত |
| ২৯ | মোঃ আব্দুল সবুর | সহ. প্রধান পরিসংখ্যান কর্মকর্তা | সিভিল সার্জন অফিস, নওগাঁ | স্বাক্ষরিত |
| ৩০ | মোমিনা সুলতানা | জুনি. স্বাস্থ্য শিক্ষা অফিসার | সিভিল সার্জন অফিস, নওগাঁ | স্বাক্ষরিত |
| ৩১ | দিলীম কুমার প্রামানিক | জেলা স্যানিটারী ইন্সপেক্টর | সিভিল সার্জন অফিস, নওগাঁ | স্বাক্ষরিত |
| ৩২ | মোঃ আনোয়ার হোসেন | জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক, | সিভিল সার্জন অফিস, নওগাঁ। | স্বাক্ষরিত |
| ৩৩ | আবু মো. সফিকুল ইসলাম | এসএমটি | সিভিল সার্জন অফিস, নওগাঁ | |
| ৩৪ | মো. রেজাউল করিম | জেলা ব্যবস্থাপক | ব্রাক, নওগাঁ | স্বাক্ষরিত |
| ৩৫ | মোস্তাফিজুর রহমান | এফএইচআই-৩৬০ প্রজেক্ট | নওগাঁ জেলা | স্বাক্ষরিত |
| ৩৬ | আজাদ হোসেন | ফিল্ড অফিসার (এনসিডি) | নওগাঁ | স্বাক্ষরিত |
| ৩৭ | মো. মোজাহারুল ইসলাম | ইপিআই স্টোরকিপার | সিভিল সার্জন অফিস, নওগাঁ | স্বাক্ষরিত |
| ৩৮ | মোঃ জাহাঙ্গীর আলম | পরিসংখ্যানবিদ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বদলগাছী | স্বাক্ষরিত |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৯ | ইমতিয়াজ আহমেদ | পরিসংখ্যানবিদ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নওগাঁ সদর | স্বাক্ষরিত |
| ৪০ | মোঃ মাহফুজুর রহমান | পরিসংখ্যানবিদ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মান্দা | স্বাক্ষরিত |
| ৪১ | নাজমুল হক | পরিসংখ্যানবিদ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধামইরহাট | স্বাক্ষরিত |
| ৪২ | মোঃ কামরুল হাসান | পরিসংখ্যানবিদ (ভারপ্রাপ্ত) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পত্নীতলা | স্বাক্ষরিত |
| ৪৩ | মাসুদ রানা | পরিসংখ্যানবিদ (ভারপ্রাপ্ত) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নিয়ামতপুর | স্বাক্ষরিত |
| ৫৪ | মোছা. রুকসানা খাতুন | পরিসংখ্যানবিদ (ভারপ্রাপ্ত) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আত্রাই | |
| ৪৫ | মো. মমিনুল হক | পরিসংখ্যানবিদ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মহাদেবপুর | |
| ৪৬ | ফারুক আহমেদ | পরিসংখ্যানবিদ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাপাহার | |
| ৪৭ | আল মাহমুদ মোস্তফা চৌধুরী | পরিসংখ্যানবিদ | সিভিল সার্জন অফিস, নওগাঁ | স্বাক্ষরিত |
| ৪৮ | দিলরুবা সুলতানা | ডাটা এন্ট্রি অপারেটর | ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল,নওগাঁ | স্বাক্ষরিত |
| ৪৯ | মো. সাইফুল ইসলাম | এস, আই | নওগাঁ পৌরসভা | স্বাক্ষরিত |
| ৫০ | সেলিনা তানহা | এমটি (ইপিআই) ভারপ্রাপ্ত | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নওগাঁ সদর | স্বাক্ষরিত |
| ৫১ | মো. আব্দুস সালাম | এমটি (ইপিআই) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মান্দা | স্বাক্ষরিত |
| ৫২ | মোঃ ছারোয়ার হোসেন | এমটি (ইপিআই) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধামইরহাট | স্বাক্ষরিত |
| ৫৩ | মো. রিয়াজুল ইসলাম | এমটি (ইপিআই) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আত্রাই | স্বাক্ষরিত |
| ৫৪ | মোছাঃ রহিমা খাতুন | এমটি (ইপিআই) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নিয়ামতপুর | স্বাক্ষরিত |
| ৫৫ | মো: মতিউর রহমান | এমটি (ইপিআই) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাপাহার | স্বাক্ষরিত |
| ৫৬ | মো. মশিউর রহমান | এমটি (ইপিআই) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স রানীনগর | স্বাক্ষরিত |
| ৫৭ | রবিউল হাসান | এমটি (ইপিআই) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বদলগাছী | স্বাক্ষরিত |
| ৫৮ | মো. জুয়েল রানা | এমটি (ইপিআই) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহাদেবপুর | স্বাক্ষরিত |
| ৫৯ | মো. ছানোয়ার হোসেন | এমটি (ইপিআই) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পত্নীতলা | |
| ৬০ | মো. সাহাবুল আলম | এমটি (ইপিআই) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পোরশা | |
| ৬১ | আলতাফ হোসেন | স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নিয়ামতপুর | স্বাক্ষরিত |
| ৬২ | মো. বেলাল হোসেন | স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নওগাঁ সদর | স্বাক্ষরিত |
| ৬৩ | মো: হাবিবুর রহমান | স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাপাহার | স্বাক্ষরিত |
| ৬৪ | হৃষিকেশ মন্ডল | স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহাদেবপুর | স্বাক্ষরিত |
| ৬৫ | মো. শহিদুল ইসলাম | স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আত্রাই | স্বাক্ষরিত |
| ৬৬ | মো. কামরুল হাসান | স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বদলগাছী | স্বাক্ষরিত |
| ৬৭ | মো. শরিফুল ইসলাম | স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধামইরহাট | স্বাক্ষরিত |
| ৬৮ | মোছা. নাদিরা বেগম | স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,রানীনগর | স্বাক্ষরিত |
| ৬৯ | মো. হারেজ আলী | স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মান্দা | স্বাক্ষরিত |
| ৭০ | মো. নজরুল ইসলাম | স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পোরশা | স্বাক্ষরিত |
| ৭১ | মো. আনিছুর রহমান | স্বাস্থ্য পরিদর্শক (ইনচার্জ) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পত্নীতলা | স্বাক্ষরিত |

স্বাস্থ্য বিভাগীয় সমন্বয় সভায় প্রতিনিধির মাধ্যমে উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ( পরিশিষ্ট 'খ') ক্রমানুসারে নয়)। তাং ১৪/৭/২০২৬

| ক্রঃ নং | নাম | পদবী, কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | **ডা. মোহাম্মদ আলী চৌধুরী আরএমও** | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, মান্দা- এর প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ২ | **ডা. মো. আবু রায়হান, এমও** | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তার রানীনগর-এর প্রতিনিধি | |

স্বাস্থ্য বিভাগীয় সমন্বয় সভায় অনুপস্থিতির তালিকা ( পরিশিষ্ট 'গ') (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)। তাং ১৪/০৭/২০২৬

| ক্রঃ নং | নাম | পদবী কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | যোবাইরা নাজনীন | পরিসংখ্যানবিদ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রানীনগর | অনুপস্থিত |



CamScanner